



স্মারক নং- ১২.০১.০০০০.০১৮.০১.০০১.২১.৫৪৩৫

তারিখ: ২৯-০৪-২০২১ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প”এর প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত পদসমূহে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন-গ্রেড*	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	হিসাবরক্ষক	১ (এক)	গ্রেড-১৩	১৮-৩০ বছর	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে ন্যূনতম স্নাতক। হিসাব রক্ষণে সহায়ক এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট জানা থাকতে হবে। একাউন্টিং বা ফিন্যান্স, পাবলিক প্রকিউরমেন্ট, সরকারী অডিট ব্যবস্থা, এডিপি ও আইডিএ ফিন্যান্স সিস্টেম সম্পর্কে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে। অধিকতর অভিজ্ঞদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

*বিঃদ্রঃ বেতন গ্রেড অনুযায়ী সাকুল্য বেতন ও সরকার কর্তৃক ঘোষিত জাতীয় বেতন স্কেল, ২০১৫ প্রযোজ্য হবে।

*অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ এর পরিপত্র নং ০৭.১১১.০৩১.০১.০০.০০৫.২০১০.১৫, তারিখঃ ১৪/০১/২০১৬ খ্রিঃ অনুযায়ী (১) হিসাবরক্ষকের সাকুল্য বেতন (গ্রেড-১৩)- ১৯৩০০/- টাকা।

নিয়োগের শর্তাবলী :

- অগ্রহী ও যোগ্য প্রার্থীগণকে <https://www.bamis.gov.bd/apply/>-তে প্রদত্ত অনলাইন আবেদন ফরম নির্দেশাবলী অনুসরণ করে যথাযথভাবে পূরণ ও প্রয়োজনীয় কাগজপত্র স্ক্যান করে পিডিএফ ফাইল তৈরীপূর্বক আপলোড করে সাবমিট/দাখিল করার মাধ্যমে আগামী ১৭/০৫/২০২১ খ্রিঃ (সোমবার) বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- প্রকল্প পরিচালক, “কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প” এর অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা, ১-৪৩৩১-০০০০-২০৩১ কোড নম্বরে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক এর অনুমোদিত শাখায় ট্রেজারী চালানে জমা দিয়ে চালানের মূল কপি স্ক্যান করে জীবন বৃত্তান্তের সাথে পিডিএফ ফাইল তৈরীপূর্বক অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে।
- আবেদনকারীর বয়স ১৭/০৫/২০২১ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ পুত্র কন্যার পুত্র কন্যা ও প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত গ্রহণযোগ্য হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা কোটায় নির্বাচনের পূর্বে সংশ্লিষ্ট সকল সার্টিফিকেটের মূল কপি যাচাই করে সত্যতা সম্পর্কে নিশ্চিত করা হবে এবং নিয়োগের পূর্বে নীজ থানা (পুলিশ স্টেশন) হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্রের মূল কপি দেখাতে হবে।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।
- আবেদনকারীকে লিখিত/ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রকল্পের মেয়াদ শেষে সংশ্লিষ্ট কর্মচারীর পদ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং চাকরির অবসান হবে। এ জন্য আলাদাভাবে চাকরিচ্যুতির কোন নোটিশ বা পত্র দেয়া হবে না।
- কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি বিধিমালা অনুসরণ করা হবে এবং
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(ড. মোঃ শাহ কামাল খান)
প্রকল্প পরিচালক

টেলিফোনঃ ০২-৫৫০২৮৪২২, মোবাইলঃ ০১৭১২১৮৪২৭৪

ইমেইলঃ pdamisdp@dae.gov.bd